



নবজাতক শিশুর পুষ্টি ও স্বাস্থ্য পরিচর্যা ভূমিকা রাখছে রেডিও মেঘনার অনুষ্ঠান



নবজাতক শিশুর পুষ্টি ও স্বাস্থ্য পরিচর্যা সম্পর্কে কথা হয় চরফ্যাসন উপজেলার আমিনাবাদ উইনিয়নের মোরশেদা বেগমের (৪০) সাথে। শুধুমাত্র মায়ের বুকের দুধে কি পেট ভরে এমন চিন্তা গ্রামাঞ্চলের অনেক মানুষের মত তারও ছিলো। বাজারের কৃত্রিম দুধের প্রতি পরিবার বেশি গুরুত্ব দিয়ে থাকেন। তবে শিশুর পুষ্টি ও স্বাস্থ্য পরিচর্যা নিয়ে প্রচারিত

‘স্বাস্থ্যই সুখ’ অনুষ্ঠান শুনে নিজেকে পরিবর্তন করেছেন। এছাড়াও তিনি বলেন, তার ভাইয়ের ছেলে জন্মের পর মায়ের বুকের দুধ খাওয়ানেন না। বাজারের কৃত্রিম দুধ খাওয়ানোর ফলে এক সময় শিশুটির পুষ্টিহীনতা দেখা দেয়। এছাড়াও প্রায় অসুস্থ হয়ে পড়তো। চিকিৎসকের পরামর্শ নিলে জানা যায় মায়ের বুকের দুধ না খাওয়ানোর জন্য এমন সমস্যার সৃষ্টি হয়েছে। তাই এ ব্যাপারে গাইনী বিশেষজ্ঞ নাজিয়া মাহমুদ জানায়, শিশু জন্মের পর ৬ মাস শুধুমাত্র মায়ের বুকের দুধ শিশুর সঠিক পুষ্টির পাশাপাশি জ্বর-সর্দিকাশি, হাঁপানি, ত্বকের সমস্যা সহ এ জাতীয় রোগে শিশুর আক্রান্ত হওয়ার সম্ভাবনা কমে। এছাড়াও ৬ মাস টানা মায়ের বুকের দুধ পান করলে গর্ভাবস্থায় মায়ের বাড়তি ফ্যাটও তাড়াতাড়ি ঝরে যায়। শারীরিক গঠনও ঠিক থাকে। তাই এসবের পাশাপাশি মাকে পুষ্টিকর খাবার খেতে হবে। কারণ মায়ের কাছ থেকেই শিশু তার পুষ্টি নিয়ে বেড়ে উঠছে। শিশুকে বুকের দুধ খাওয়ানোর ফলে মায়ের স্তন ক্যান্সার এবং ডায়াবেটিকসের ঝুঁকি অনেক কমে যায়।

আমাদের উদ্দেশ্য

রেডিও মেঘনা (উপকূলের কঠোর) কোস্ট ট্রাস্ট এর একটি কমিউনিটি রেডিও। বাংলাদেশের উপকূলীয় এলাকার প্রান্তিক মানুষের জীবন-মান উন্নয়নের জন্য কাজ করে। এটি উপকূলীয় দ্বীপ ভোলার চরফ্যাসন উপজেলায় ২০১৫ সালে যাত্রা শুরু করে। রেডিও মেঘনা বৈধ অধিকারের দাবি, সমাজে বৈষম্য দূরীকরণ, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা ও পরিবেশ সুরক্ষা, মৎস্য, কৃষি, লিঙ্গীয় সমতা ও শিক্ষাখাতে সামাজিক, সংস্কৃতিক ও গ্রামীণ উন্নয়নে উৎসাহী করা এবং জনগণের সক্ষমতা বৃদ্ধির জন্য দরিদ্র মানুষের কঠোর বাড়াতে কাজ করে।

কাজ করে ভাই-বোন ও নিজের পড়ালেখাসহ সংসারের খরচ বহন করছে চরফ্যাসনের আন্দুল্লাহ

উপকূলীয় এলাকা চরফ্যাসনের অনেক শিশু বিভিন্ন ধরনের শ্রমের সাথে জড়িত। সংসারের অভাব অনটনের কারণে পড়ালেখা ও শৈশবের উল্লাস থেকে নিজেদের সরিয়ে কাঁচা কাঁধে তুলে নেয় সংসারের দায়িত্ব। চরফ্যাসন আমিনাবাদ এলাকার এমনি এক শিশু মোঃ আন্দুল্লাহ (১৪)। অভাবের তাড়নায় মুদি দোকানে কাজ করছে সে। তার সাথে কথা বলে জানা যায়, পাঁচ ভাই-বোনের মধ্যে সবার বড় আন্দুল্লাহ। তাই দায়িত্বটা একটু বেশি তার। তবে দায়িত্বের কাছে নিজের স্বপ্নের পথে এগিয়ে চলতে একদম পিছুপা হয় নি আন্দুল্লাহ। কাজের পাশাপাশি ৫ম শ্রেণিতে পড়ালেখা করছে সে। সকাল ১০টা পর্যন্ত কাজ করে স্কুলে যায়। স্কুল থেকে ফিরে আবার কাজে মন দেয়। যেহেতু কাজ করে নিজের পড়ালেখা এবং সংসারের খরচ বহন করার দায়িত্ব তার উপর, তাই সপ্তাহে ৪দিন স্কুলে যায়। আর বাকি দিনগুলোতে মন দিয়ে কাজ করে। ভাইবোনদের পড়ালেখা শিখিয়ে ও নিজেও শিক্ষিত হয়ে বড় চাকরি করার স্বপ্ন দেখছে আন্দুল্লাহ।

রেডিও মেঘনা অনুষ্ঠান





চরফ্যাসনে আন্তর্জাতিক গ্রামীণ নারী দিবস ২০১৯ উপলক্ষে মানববন্ধন অনুষ্ঠিত

সারাদেশে এক যোগে শুরু হওয়া প্রাথমিক শিক্ষা সমাপনি ও ইবতেদায়ি শিক্ষা সমাপনি পরীক্ষার প্রথম দিনের ইংরেজি পরীক্ষায় চরফ্যাসন উপজেলায় ১১৫৬ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিলো বলে জানা যায়। চরফ্যাসন উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, এবছর উপজেলায় ১৪ হাজার ৪৩ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করার কথা থাকলেও ১২ হাজার ৮৮৭ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। তবে ঠিক কি কারণে ১১৫৬ জন পরীক্ষার্থী অনুপস্থিত তা জানা যায়নি।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা তৃষিত কুমার জানান, চরফ্যাসন উপজেলার ২২টি কেন্দ্রে প্রাথমিকে ৯৮০৫ জন ও ইবতেদায়ি শিক্ষা

সমাপনী পরীক্ষায় ৪২৩৮ পরীক্ষার্থী অংশগ্রহণ করার জন্য রেজিস্ট্রেশন করে। তবে রবিবার সমাপনী পরীক্ষার প্রথমদিনে প্রাথমিকে ৫০৮জন ও ইবতেদায়িতে অনুপস্থিত ৬৪৮ জন পরীক্ষার্থী। এতে প্রাথমিকে ৯২৯৭ জন এবং ইবতেদায়ি পরীক্ষায় ৩৫৯০ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে।

শ্রোতা ক্লাব:

কমিউনিটি রেডিওতে রয়েছে প্রত্যেক শ্রোতার নিজস্ব মতামত জানানোর অধিকার। শ্রোতাদের মতামত জানানোর জন্য আমরা গঠন করেছি “শ্রোতা ক্লাব”। রেডিও মেঘনায় ৪০ টি শ্রোতা ক্লাব রয়েছে। তার মধ্যে উল্লেখ্য যোগ্য ক্লাব হলো-কিশোরী, গৃহিনী, কৃষি, ক্ষুদ্র ব্যবসায়ী ক্লাব।

আমাদের অর্জন

ঘূর্ণিঝড় বুলবুল	ঘূর্ণিঝড় বুলবুলের সময় ৪৩ ঘন্টা সম্প্রচার কার্যক্রমে ডিসি (ভোলা), ইউএনও (চরফ্যাসন, লালমোহন, তজুমদ্দীন), সিপিপি পরিচালক (চরফ্যাসন) এবং চেয়ারম্যানদের (চর কুর্কিরমুর্কি, ঢালচর, মনপুরার) সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে রেডিও সাথে সম্পৃক্ততা বেড়েছে।
এসএমএস প্যানেল ও ফোন কল	স্যোসাল মিডিয়ায় ঘূর্ণিঝড় বুলবুল সম্পর্কিত ৬ ভিডিও পোস্ট করার পর তা ব্যাপক সাড়া ফেলে। ভারত, সৌদি আরব বিভিন্ন দেশ কমেন্টসের করেছেন। ভিডিওটি দেখেছেন: ১৩ হাজারের বেশি শেয়ার করেছেন: প্রায় ২০০ জন এবং ২০ হাজার ফেসবুক ইউজারের কাছে পৌঁছেছে।
ফেসবুক	প্রতিদিন গড়ে ১৫০-৩০০ এসএমএস ও ফোন কলের মাধ্যমে শ্রোতারা তাদের মতামত ও গানের জন্য অনুরোধ করে থাকেন। রেডিও মেঘনার ফেসবুক পেইজে বিভিন্ন ভিডিও কনটেন্ট পোস্ট করা হয়। যার ফলে শ্রোতাদের কাছে রেডিও মেঘনার গ্রহণযোগ্যতা বেড়েছে।

যোগাযোগ:

কণিকা রানী

সহকারি স্টেশন ম্যানেজার, রেডিও মেঘনা

ফোন: ০১৭০৮ ১২০৩৯০

ই-মেইল: konika.radiomeghna@gmail.com

কুলসুমবাগ, চরফ্যাসন, ভোলা।



radiomeghna99.0

radiomeghna.net